

সূত্র

প্রিন্ট: ২৭ এপ্রিল ২০২৬, ১১:১০ এএম

সারাদেশ

প্রশ্নপত্রে দাগ দেওয়ায় ৮ পরীক্ষার্থী বহিষ্কার, দুই শিক্ষককে অব্যাহতি

Advertisement



বাউফল (পটুয়াখালী) প্রতিনিধি

প্রকাশ: ২৬ এপ্রিল ২০২৬, ১০:৫১ পিএম



ফাইল ছবি।

পটুয়াখালীর বাউফলে এসএসসির ইংরেজি প্রথমপত্রের পরীক্ষায় ৮ শিক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। এ ঘটনায় কক্ষ পরিদর্শকের দায়িত্বে থাকা দুই শিক্ষককে অব্যাহতি দেওয়া হয়েছে।

রোববার (২৬ এপ্রিল) কালিশুরী এসএ ইনস্টিটিউশন কেন্দ্রে এ ঘটনা ঘটে।

সংশ্লিষ্ট সূত্র জানায়, রোববার ওই কেন্দ্রে পরীক্ষা চলাকালীন বরিশাল শিক্ষা বোর্ডের একটি ভিজিলেন্স টিম আকস্মিক পরিদর্শনে যায়। ভিজিলেন্স টিমের প্রধান বরিশাল সরকারি বিএম কলেজের জীববিজ্ঞান বিষয়ের অধ্যাপক মো. আসাদুজ্জামান ২০২নং কক্ষে প্রবেশ করেন। এ সময় ওই কক্ষের ৮ পরীক্ষার্থীর প্রশ্নপত্রে দাগ দেখে তাৎক্ষণিকভাবে তাদেরকে বহিষ্কার করেন।

বহিষ্কৃতদের মধ্যে বাউফলের ইন্দ্রকুল মাধ্যমিক বিদ্যালয় ও বাকেরগঞ্জের কাঁকড়া মাধ্যমিক বিদ্যালয়ের চারজন করে শিক্ষার্থী রয়েছেন।

প্রশ্ন ফাঁসের গুজবে বিভ্রান্ত না হওয়ার আহ্বান

এদিকে কক্ষ পরিদর্শকের দায়িত্বে অবহেলার কারণে কালিশুরী হাজেরা তালুকদার বালিকা মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক শংকর চন্দ্র ও শিরীন আক্তারকে দায়িত্ব থেকে অব্যাহতি দেওয়া হয়েছে।

কেন্দ্রসচিব ইউসুফ আলী বিষয়টি নিশ্চিত করে বলেন, তার কেন্দ্রে মোট ৬৭৬ জন পরীক্ষার্থী এসএসসি পরীক্ষায় অংশ নিয়েছে। বেলা ১১টার দিকে ভিজিলেন্স টিম কেন্দ্র পরিদর্শনে আসেন।